

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৯. ১৮. শিষ্যরা পবিত্র আত্মা লাভ করলেন কখন?

উপরের বৈপরীত্যের সাথে সংশিশ্নষ্ট আরেকটা বৈপরীত্য শিষ্যদের পবিত্র আত্মা লাভ করা। যোহন লেখেছেন যে, যীশু পুনরুত্থানের পরে প্রথম সাক্ষাতেই শিষ্যদেরকে পবিত্র আত্মা প্রদান করেন: "অতএব প্রভুকে দেখতে পেয়ে সাহাবীরা আনন্দিত হলেন। .... এই বলে তিনি তাঁদের উপর ফুঁ দিলেন, আর তাঁদেরকে বললেন, পাক-রূহ (পবিত্র আত্মা) গ্রহণ কর (he breathed on them, and saith unto them, Receive ye the Holy Ghost)।" (ইউহোন্না ২০/২০-২২, মো.-১৩)

এর বিপরীতে প্রেরিতদের কার্যবিবরণী থেকে আমরা দেখছি যে, পুনরুত্থানের পরে ৪০ দিন যীশু তাঁদের সাথে অবস্থান করেন। সে সময়ে তাঁরা পবিত্র আত্মা প্রাপ্ত হননি। বরং যীশু তাঁদের জানান যে, কিছু দিন পরে তাঁরা পবিত্র আত্মা লাভ করবেন। (প্রেরিত ১/৫, ৮) এরপর যীশু উর্ধ্বারোহণ করেন। যীশুর উর্ধ্বারোহণের পরে পঞ্চাশন্তমীর (Pentecos) দিনে তাঁরা পবিত্র আত্মা প্রাপ্ত হন। (প্রেরিত ২/১-৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14100

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন